

সিঙ্গাপুর এয়ারলাইন্সের নতুন নীতি: পাওয়ার ব্যাংক নিষিদ্ধ

- A Monitor Desk Report

Date: 13 March, 2025



সিঙ্গাপুর : আগামী ১ এপ্রিল থেকে সিঙ্গাপুর এয়ারলাইন্সের যাত্রীদের জন্য ফ্লাইটের ভেতর ইউএসবি পোর্টে পাওয়ার ব্যাংক চার্জ করা সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে।

একইসঙ্গে, ফ্লাইট চলাকালীন সময়ে পাওয়ার ব্যাংক ব্যবহার করে মোবাইল ফোন বা অন্য কোনো ব্যক্তিগত ডিভাইস চার্জ দেওয়াও নিষিদ্ধ ঘোষণা করেছে তারা।

বুধবার (১২ মার্চ)রাত্রে এক বিজ্ঞপ্তিতে এয়ারলাইন্সটির পক্ষ থেকে জানানো হয়েছে, নতুন এই নিষেধাজ্ঞা আন্তর্জাতিক উড়োজাহাজ পরিবহন সংস্থা -আইএটিএ এর বিপজ্জনক সামগ্রী সংক্রান্ত বিধিনিষেধের ভিত্তিতে নেওয়া হয়েছে।

পাওয়ার ব্যাংক লিথিয়াম ব্যাটারির অন্তর্ভুক্ত, যা তাপ উৎপন্ন করতে পারে এবং অগ্নিকাণ্ডের ঝুঁকি সৃষ্টি করতে পারে। এ কারণেই বিমান চলাচলের সময় যেকোনো ধরনের দুর্ঘটনা এড়াতে এই সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এছাড়া, ১০০ ওয়াটের কম ক্ষমতার পাওয়ার ব্যাংক এয়ারলাইন্সের অনুমোদন ছাড়াই বহন করা যাবে, তবে ১০০ ওয়াট থেকে ১৬০ ওয়াট ক্ষমতার পাওয়ার ব্যাংকের জন্য আগেভাগে সিঙ্গাপুর এয়ারলাইন্স-এর অনুমোদন নিতে হবে। যেসব পাওয়ার ব্যাংকের ক্ষমতা ১৬০ ওয়াটের বেশি, সেগুলো সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে।

সিঙ্গাপুর এয়ারলাইন্স বলছে, যাত্রীদের সুবিধার জন্য তারা এই সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং এটি মূলত উড়োজাহাজে নিরাপত্তা আরও জোরদার করতেই করা হয়েছে। যাত্রীদের প্রতি অনুরোধ জানানো হয়েছে, তারা যেন ফ্লাইটে ওঠার আগেই তাদের মোবাইল, ল্যাপটপ বা অন্যান্য ডিভাইস চার্জ করে নেন। বিশেষ করে, যারা দীর্ঘ ট্রানজিট ফ্লাইটে ভ্রমণ করছেন, তাদের জন্য আগেভাগে প্রস্তুতি নেওয়া জরুরি।

এদিকে, থাই এয়ারওয়েজও সম্প্রতি একই ধরনের সিদ্ধান্ত নিয়েছে। তাদের ফ্লাইটগুলোতেও অনবোর্ড ইউএসবি পোর্টে পাওয়ার ব্যাংক চার্জিং

নিষিদ্ধ করা হয়েছে এবং যাত্রীরা পাওয়ার ব্যাংক ব্যবহার করে অন্য কোনো ডিভাইস চার্জ দিতে পারবেন না। সুরক্ষা বাড়াতে এবং অগ্নিকাণ্ডের ঝুঁকি এড়াতে থাই এয়ারওয়েজ এই পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছে।

-B